

সামাজিক দায়িত্বশীল কার্যক্রমের মাপদণ্ড নির্ধারণ, তত্ত্বাবধান, মূল্যায়ন ও উন্নয়ন

জনগনের উন্নয়নের জন্য বাংলাদেশের ব্যাংক ও ব্যবসা প্রতিষ্ঠানগুলো ইতিমধ্যেই বড় অঙ্কের অর্থ বিনিয়োগ করেছে। তবে ‘এর সঠিক কি প্রভাব পড়ছে?’ এই প্রশ্নের উত্তর এখনো পাওয়া যায়নি। বিনিয়োগকৃত অর্থের পরিমাণ কত তা হিসাব রাখা হচ্ছে ঠিকই, কিন্তু জনগনের জন্য বিনিয়োগকৃত এই অর্থের মূল্যমান কতটুকু অর্জিত হয়েছে কিংবা কোম্পানির অনুদানসমূহ ব্যবহারের ফলে ‘ব্যয় সুবিধা’ কতটুকু অর্জিত হয়েছে তা পরিমাপের জন্য যথেষ্ট উদ্যোগ দেখা যাচ্ছে না। ‘কারখানার অভ্যন্তরে’ সামাজিক দায়িত্বশীলতার ব্যয়ের এই ক্ষেত্র কার্যকর। উপাত্ত ছাড়া আপনার পক্ষে কোম্পানিসমূহের নেয়া সামাজিক দায়িত্বশীলতার বিভিন্ন উদ্যোগের পার্থক্য ও তুলনা করার মাধ্যমে মাত্রা নির্ধারণ সম্ভব নয়। কোম্পানির সামাজিক দায়িত্বশীলতার মাত্রা

